

কৃষকদের প্রশিক্ষণ ও কৃষি সম্প্রসারণ



কি করতে হবে ?

আত্মা দ্বারা পরিচালিত পূর্ণগঠিত কৃষি সম্প্রসারণ ব্যবস্থাপনায় প্রায় ১২০০ জন সম্প্রসারণ কর্মী রাজ্যে নিয়োজিত রয়েছেন রাজ্য, জিলা, মহকুমা ও ব্লকস্তরে। আপনার এলাকা অথবা আপনার নিজের জমিতে কৃষির উন্নতির জন্য কি কি ব্যবস্থাপনা বা প্রকল্প রয়েছে সেইসব বিষয়ে অনুসন্ধান বা জানার জন্য রাজ্য সরকারের সেইসব সম্প্রসারণ কর্মীদের সাথে যোগাযোগ করুন।

- ক্ষেত্রীয় বিদ্যালয়ে অংশগ্রহণ করুন।
- ওয়েবসাইট থেকে সঠিক তথ্য সংগ্রহ করুন এর নিজের ফার্মকে আধুনিক এবং সহজে ব্যবহারযোগ্য যন্ত্রপাতির সাথে যুক্ত করুন।
- দূরদর্শনের বিভিন্ন স্থানীয়, রাষ্ট্রীয় এবং বেসরকারী চ্যানেলের বিভিন্ন কৃষি বিষয়ক অনুষ্ঠান দেখুন।
- কিষান কল সেন্টারে বিনামূল্যে ১৮০০-১৮০-১৫৫১ নম্বরে কল করে আপনার কৃষি সম্পর্কিত যেকোন সমস্যায় সঠিক সমাধান পেতে পারেন। কৃষি বিশেষজ্ঞদের থেকে বছরে ৩৬৪ দিন রোজ সকাল ৬টা থেকে রাত ১০ টা পর্যন্ত এই সুবিধা পেতে পারেন।
- কৃষি স্নাতকরা বিনামূল্যে ২ মাসের প্রশিক্ষণের পর ব্যাঙ্ক থেকে ৩৬ শতাংশ (৪৪ শতাংশ তপঃজাতি / উপজাতি / উত্তর পূর্বাঞ্চলের লোকজন / মহিলা) অনুদানসহ ঋণ নিয়ে কৃষি হাসপাতাল / কৃষি বিপন্ন কেন্দ্র খুলতে পারেন।
- উন্নত কৃষকদের জন্য নির্ধারিত প্রশিক্ষণ শিবির / শিক্ষামূলক ভ্রমণগুলোতে অংশ নিন।
- আপনার মুঠো ফোন থেকে SMS (USSD) মাধ্যমে ইন্টারনেট সহায়তা ছাড়াও নিদৃষ্ট কিছু কৃষিবিষয়ক তথ্য আহরণ করুন।
- আপনি কৃষক পোর্টালে ইন্টারনেট কিয়ক্স / সাধারণ পরিসেবা কেন্দ্র ইত্যাদির মাধ্যমে নিজেকে যুক্ত করে আপনার এলাকাভিত্তিক বিভিন্ন কৃষি সম্বন্ধীয় তথ্য সরাসরি পেতে পারেন। এছাড়া যেকোন কৃষি বিষয়ক উপদেশ বা পরিশেবা আপনি পেতে পারেন আপনি নিজেকে কিষান কল সেন্টার / সাধারণ পরিশেবাকেন্দ্র / অথবা ৫১৯৬৯ নম্বরে পুল SMS (Kissanreg) <আপনার নাম> <আপনার রাজ্যের প্রথম ৪টি অক্ষর > . < বা ৯২১২৩৫৭১২৩ নম্বরে কল করার মাধ্যমে নিজেকে কৃষকদের জন্য নির্মিত Sms পোর্টালে নিজেকে নথিভুক্ত করে।

ক্রমিক নং	অনুদানের বিবরণ	অনুদান পরিমাণ	প্রকল্প
১। কৃষক প্রশিক্ষণ :			
ক)	বহিঃরাজ্যে প্রশিক্ষণ (৪০ জন দিবস প্রতি ব্লক)	১২৫০ টাকা প্রতি দিন প্রতি কৃষকের জন্য বরাদ্দ।	ATMA (NMAET)
খ)	রাজ্যের ভিতর প্রশিক্ষণ (১০০জন দিবস / ব্লক)।	প্রতিদিন প্রতি কৃষকের জন্য ৮০০ টাকা বরাদ্দ।	ঐ
গ)	জেলার ভিতর প্রশিক্ষণ	সর্বোচ্চ ৪০০ টাকা	ঐ

	(১০০ জন দিবস প্রতি ব্লক)	প্রতিজনের জন্য বরাদ্দ		
২। শিক্ষামূলক ভ্রমণ :				
ক)	বহিঃ রাজ্যে ভ্রমণ (৭দিনের জন্য ৫ জন / ব্লক)	প্রতিদিন প্রতি কৃষকের জন্য ৮০০ টাকা বরাদ্দ	ATMA (NMAET)	
খ)	রাজ্যের অভ্যন্তরে ভ্রমণ (৫ দিনের জন্য ২৫ জন / ব্লক)	প্রতিদিন প্রতি কৃষকের জন্য ৪০০ টাকা বরাদ্দ	ঐ	
গ)	জেলার ভিতর ভ্রমণ (৩দিনের জন্য)র ১০০ জন /ব্লক	প্রতিদিন প্রতি কৃষকের জন্য ৩০০ টাকা বরাদ্দ ।	ঐ	
৩।	প্রদর্শনীমূলক চাষ (১২৫টি / ব্লক)	৪০০ টাকা প্রতিটিতে	ঐ	
৪।	ক্ষেত্রীয় বিদ্যালয় (২৫ জন কৃষকের প্রশিক্ষণ প্রতিখন্ডে ফসলের ৬টি গুরুত্বপূর্ণ পর্যায়ে	২৯,৪১৪ টাকা প্রতি বিদ্যালয়ের জন্য বরাদ্দ	ঐ	
৫।	ক) কৃষক দলের সক্ষমতা তৈরী, দক্ষতার বৃদ্ধি ও অন্যান্য সহায়তা (২০টি দল / ব্লক)	৫০০০ টাকা প্রতি দল	ATMA (NMAET)	
	খ)	আবর্তিত মূলধন হিসাবে প্রতি কৃষক দলকে	১০০০ টাকা প্রতিদিন এককালীন সহায়তা	ঐ
	গ)	খাদ্য সুরক্ষা দল (২টি দল / ব্লক)	১০০০ টাকা প্রতিদিন	ঐ
৬।	কৃষকের মাঠে পরীক্ষামূলক চাষ (০.২ হেক্টর)	১০০০ টাকা / ইউনিট	KVK	
৭।	সম্মুখ সারির প্রদর্শনী মূলক চাষ (০.২ হেক্টর)	১৫০০ টাকা / ইউনিট	„	
৮।	কৃষক প্রশিক্ষণ (২৫-৩০ জনের)	৭৫ টাকা প্রতিদিন /কৃষক	„	
৯।	শস্যভিত্তিক প্রশিক্ষণ (চার ঋতুতে)	১৪,০০০ টা প্রতি প্রশিক্ষণ/ ৫০ % খরচা যা সর্বনিম্ন।		
১০।	গুচ্ছ প্রদর্শনী চাষ (অড়হর, মুগ, মুসুড়, কলাই এবং রাজমা)	৭০০০ টা NFSM প্রতি ৫ হেঃ এলাকা		
১১।	ডাল শস্যভিত্তিক চাষ (ডাল-খাদ্য শস্য)	১২,৫০০ টা	„	
১২।	ফলন বা আয় সংক্রান্ত বিষয় - সম্পত্তিহীনদের জন্য মধুপক্ষী পালন / মাছ চাষ/ গবাদি পশু চাষ / মাশরুম চাষ ইত্যাদি	প্রকল্প জমা দেওয়ার সাপেক্ষে ৩০,০০০/- সোজাসুজি কৃষকের ব্যাঙ্ক একাউন্টে জমা হবে।	IWMP	
১৩।	প্রদর্শনীমূলক চাষ উন্নত প্রযুক্তিযুক্ত	১৮,৭৫০০০ টাকা	MIDH	
১৪।	কৃষকের জন্য প্রশিক্ষণ-			

	ক) রাজ্যের ভিতরে ৫ দিনের জন্য প্রতি কৃষক	১,০০০ টাকা	ঐ
	খ) রাজ্যের বাহিরে ৫ দিনের জন্য প্রতি কৃষক	১৫,০০০ টাকা	”
	গ) রাজ্যের বাহিরে শিক্ষামূলক ভ্রমণ	১৫,০০০ টাকা	”
	ঘ) রাজ্যের বাহিরে শিক্ষামূলক ভ্রমণ, ৭ দিনের জন্য	৫৬,০০০ টাকা	”
১৫।	কৃষকদের কৃষি যন্ত্রপাতি মেরামত করার জন্য প্রশিক্ষণ	১৪,০০০ টাকা প্রতি প্রশিক্ষণের জন্য	NFSM
১৬।	পাট্টা প্রাপকদের জমিতে সজ্জী এবং মশলার চাষ তৎসঙ্গে প্রশিক্ষণের ব্যবস্থাপনা	১৫,০০০ টাকা প্রতি হেঃ	RKVY
১৭।	ত্রিপুরায় রসুন চাষের ব্যবস্থা তৎসঙ্গে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।	৭৭১০০ টাকা প্রতি হেঃ	”
১৮।	মাঠ ভ্রমণের মাধ্যমে প্রদর্শনৌ চাষ/ সক্ষমতা বৃদ্ধি এবং সুসংহত চাষ পদ্ধতি, উন্নত চাষ পদ্ধতি, মাটি, জল এবং শস্য পরিচর্য্যা বিষয়ে প্রশিক্ষণ (২০ জন)	১০,০০০ টাকা	NMSA
১৯।	খামারে জল সংরক্ষণ/ক্ষুদ্র সেচ সম্পর্কিত প্রশিক্ষণ (৩০জন)	৫০,০০০ টাকা/২-৩ দিনের জন্য	”

৩) কোথায় যোগাযোগ করবেন ?

প্রতিটি জিলার উপকৃষি অধিকর্তা ও উপ উদ্যান অধিকর্তা, উপ প্রকল্প অধিকর্তা এবং প্রকল্প অধিকর্তা, ATMA, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক, এস.এল.এন.এ.-এর অফিস এবং কৃষি বিজ্ঞান কেন্দ্র।